

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৭৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২১. যেকোন বিষয়ে ফতওয়া চাওয়ামাত্রই যে ব্যক্তি লোকদেরকে ফতওয়া দিয়ে বেড়ায়- তার সম্পর্কে

باب في الذي يفتي الناس في كل ما يستفتى

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ، عَنْ هِشَامٍ، عَنْ مُحَمَّدٍ، عَنْ حُذَيْفَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: " إِنَّمَا يُفْتِي النَّاسَ ثَلَاثَةٌ: رَجُلٌ إِمَامٌ أَوْ وَالٍ، وَرَجُلٌ يَعْلَمُ نَاسِخَ الْقُرْآنِ مِنَ الْمَنْسُوخِ - قَالُوا: يَا حُذَيْفَةُ، مِنْ ذَاكَ؟ قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ - أَوْ أَحْمَقُ مُتَكَلِّفٌ

إِسْنَادُهُ ضَعِيفٌ لَانْقِطَاعِهِ مُحَمَّدُ بْنُ سِيرِينَ لَمْ يَدْرِكْ حُذَيْفَةَ

বাংলা

১৭৭. হুযায়ফা রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, কেবলমাত্র তিন প্রকারের মানুষ লোকদেরকে ফতওয়া দিতে পারো: (এক.) যে ব্যক্তি ইমাম, কিংবা শাসক, (দুই.) যে ব্যক্তি আল-কুরআনের নাসিখ ও মানসুখ সম্পর্কে অভিজ্ঞ। তারা জিজ্ঞাসা করল, হে হুযায়ফা! ও ব্যক্তিটি কে? তিনি বললেন, উমার বিন খাত্তাব রাদিয়াল্লাহু আনহু। (তিন.) এবং বোকা, (কিন্তু জ্ঞানীর) ভানকারী।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যযীফ 'ইনকিত্বা' বা বিচ্ছিন্নতার কারণে। কেননা, মুহাম্মদ ইবনু সীরীন হুযায়ফার সাক্ষাৎ পাননি। তবে এই হাদীসটি সহীহ। দেখুন পরবর্তী টীকা।

তাখরীজ: খতীব, ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ২/১৪৬-১৪৭; ইবনু আব্দুল বার, জামি' বায়ানুল ইলম, নং ২২১৪, ২২১৭;

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69488>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন